গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
রৌমারী, কুড়িগ্রাম।
www.acl.rowmari.kurigram.gov.bd

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রৌমারী উপজেলাধীন নিম্নবর্ণিত ২০.০০ (কুড়ি) একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল সমূহ (আদালতে মামলা না থাকা সাপেক্ষে)১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ মোতাবেক শুধু সমবায় অধিদপ্তর ও সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি **land.gov.bd বা jm.1ams.gov.bd** ওয়েবসাইটে **২৩ জানুয়ারি/২০২৪ হতে ১৬ ফেব্রুয়ারি/২০২৪** খ্রিঃ এর মধ্যে অনলাইনে আবেদনপত্র দাখিল করবেন। অনলাইনে আবেদন দাখিল করার পর আবেদনের হার্ডকপিও উদ্ধৃত্ত মূল্যের ২০% ভাগ অর্থ জামানতের মূলকপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) সীলগালা মুখবন্ধ খামে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রৌমারী, কুড়িগ্রাম অথবা উপজেলা ভূমি অফিস, রৌমারী, কুড়িগ্রাম অফিসে অফিস চলাকালীন সময় জমা প্রদান করতে হবে। অনলাইনে প্রাপ্ত আবেদন ও দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই করে যোগ্য সমিতিকে চূড়ান্ত করে অবহিত করা হবে।

জলমহালের বিবরণ নিম্নে প্রদত্ত হল ঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | তফসিল | সম্ভাব্য ইজারা মূল্য (বাংলা ১৪৩১-১৪৩৩) হস্তান্তরের তারিখ হতে ইজারা মূল্য কার্যকর হবে। | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | যাদুরচর, বেকরিবিল কালাপানি বিল | মৌজাঃ পাহাড়তলী<br>খঃনং-০১<br>দাগনং-৭৬০,৮৩৭,৯৫৭,৯৬০,৯৬১,৭৯৩,৭৯৪,৭৯৫,৭৯৬,৬৪৩,৮৪০, ৮৪১,৬৫২,৬৫৯,৮৫৫,৯৫২,৮৪৪,৮৪৫,৮৫০,৮৪৩,৮৪৬,৮৫৪,৭৯৮, ৮০০,৯৯৭,৭৯৯,৭৯১,৭৯২,৭৬২,৭৬৩,৯৭০,৯৭৩,৯৭৭,৯৫৮,৯৭৫,৯৫০<br>মোট জমি-১৮.১৯ একর | ৮,৪০,০০০/-<br>(প্রতি বৎসর) | **২৩ জানুয়ারি/২০২৪ হতে ১৬ ফেব্রুয়ারি/২০২৪** |

২২-০১-২৪
নাহিদ হাসান খান
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম

### শর্তাবলীঃ

১। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সমিতি সমূহ নির্দিষ্ট তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না। মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না। তবে শর্ত থাকে যে, আবেদনকারীর সমবায় সমিতি বর্তমানে কার্যকর তার প্রমান স্বরুপ উপজেলা সমবায় বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র এবং বিগত ০২(দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি/সম্পাদক পরিচয়পত্র সহ সমিতির অনুকূলে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

২। জলমহালটি ইজারা চুক্তি সম্পাদনের পর চলতি বাংলা ১লা বৈশাখ ১৪৩১ সন হতে ৩০ চৈত্র ১৪৩৩ সন পর্যন্ত ইজারা মেয়াদ থাকবে।

৩। টেন্ডার পত্রের সহিত উদ্ধৃত মূল্যের অবশ্যই শতকরা ২০% জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম বরাবরে ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সহিত জমা দিতে হবে। জামানতের টাকা ইজার মূল্যের সহিত সমন্বয় করা হবে।

৪। জলমহাল যেখানে যে অবস্থায় আছে তদাবস্থায় আবেদন এর মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণ করে কোন প্রকার অজুহাত, দরখাস্ত বা আপত্তি গ্রহণ করা হবে না। ইতোপূর্বে জলমহাল উপস্বত্ব ভোগদখল করা হয়েছে এই সংক্রান্ত আপত্তি দাখিল করা যাবেনা। আবেদন দাখিলের পূর্বেই জলমহাল সম্পর্কে সরেজমিন দেখে প্রকৃত অবস্থা সঠিক ভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। জলমহালটি মৎস্য ধরার প্রয়োজনে সঠিকভাবে ইজারা প্রদান করা হবে।

৫। প্রকৃত মৎস্যজীবি সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে। আবেদনপত্রের সহিত সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি গঠনতন্ত্রের কপি, সত্যায়িত ছবি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যায়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য, বিগত ০২ বছরের অডিট রিপোর্ট (নতুন সংগঠন/সমিতির জন্য প্রযোজ্য নয়) বাংলা ১৪৩১-১৪৩৩ সন পর্যন্ত মেয়াদে লীজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনা পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৬। টেন্ডারপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে এবং খামের উপর উপজেলাসহ জলমহালের নাম সুস্পষ্ট ভাবে লিখে দিতে হবে।

৭। সর্বোচ্চ দরদাতা দরপত্র গৃহীত হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে টাকা পরিশোধ করতে হবে। তা না করলে জামানতের অর্থ সরকারের বরাবর স্বয়ংক্রিয়ভাবে বাতিল/বাজেয়াপ্ত হবে এবং জলমহালটি পুনরায় আবেদনের মাধ্যমে ইজারা প্রদান করতে হবে।

৮। চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর দরদাতাকে ইজারা প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জলমহাল লীজ ফরম(অনুচ্ছেদ-২.১৭) মোতাবেক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় তাহার অনুকূলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৯। লীজগ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না। যদি তা করে থাকেন তাহলে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন।

১০। অনুমোদিত দরপত্রের সহিত ইজারা গ্রহীতাকে ৫% আয়কর, ১৫% টার্নওভার ট্যাক্স প্রদান করতে হবে। ইহা ছাড়া সরকারী বিধি বিধান সমূহ অবশ্যই মেনে চলতে হবে। ইজারাপ্রাপ্ত সংগঠন/সমিতিকে সম্পূর্ন ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কার্য দিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার জলমহালের ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দিবেন। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম ইজারা বাতিল করবেন এবং জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। টেন্ডার বিজ্ঞপ্তির শর্তাবলী টেন্ডার দাখিলের অংশ। টেন্ডার দাতাকে টেন্ডার দাখিলের পূর্বে নির্ধারিত স্থান ছাড়াও প্রত্যেক পাতায় স্বাক্ষর করতে হবে। অন্যথায় উক্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫-০১-২৪

নাহিদ হাসান খান
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম

স্মারক নং- ৩১.০২.৪৯৭৯.০০০. ০২.০২৫.২২-১০

তারিখঃ ০১ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৫/০১/২০২৪ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) ঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৮, কুড়িগ্রাম-৪।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৫। উপজেলা........................................................................., রৌমারী, কুড়িগ্রাম।
৬। জনাব..........................................................................., রৌমারী, কুড়িগ্রাম।
৭। উপজেলা কৃষি কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম।
৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রৌমারী থানা, কুড়িগ্রাম।
১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, রৌমারী, কুড়িগ্রাম।
১২। উপজেলা সমবায় কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম।
১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম।
১৪। চেয়ারম্যান,................................................ইউনিয়ন পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
১৫। সম্পাদক.........................................................,
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..............................................(সকল), রৌমারী, কুড়িগ্রাম।
১৭। নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি।

২৫-০১-২৪

(নাহিদ হাসান খান)
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)
রৌমারী, কুড়িগ্রাম